২০০৯-২০১০ শিক্ষা বর্ষে প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির জন্য ০১/১০/২০০৯ তারিখ থেকে ১৯/১০/২০০৯ তারিখ পর্যন্ত প্রাথমিক আবেদনপত্র গ্রহণ করা হবে। প্রাথমিক আবেদনপত্র ০১/১০/২০০৯ তারিখ থেকে নির্ধারিত ব্যাংক হতে বিতরণ করা হবে। পূরণকৃত প্রাথমিক আবেদনপত্র সংশ্লিষ্ট ইউনিট অফিসে সর্বশেষ ১৯/১০/২০০৯ তারিখের মধ্যে জমা দিতে হবে। ১৯/১০/২০০৯ তারিখের পর কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না।

২০০৮ অথবা ২০০৯ সনের উচ্চ মাধ্যমিক অথবা এর সমমানের পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে কেবল তারাই নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিটের মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে পারবে :

২০০৮ সনের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রী যদি বিভাগ/বিষয় পরিবর্তনের জন্য পুনরায় ২০০৯-২০১০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে চায় তবে তাকে সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের নিকট থেকে পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি পত্র নিয়ে তা ভর্তির প্রাথমিক আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ইউনিট অফিসে জমা দিতে হবে।

ক-ইউনিট : বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস ও ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদ এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউট

বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখার ছাত্র/ছাত্রী আবেদন করতে পারবে।

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউট-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

বিজ্ঞান ও কৃষিবিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম ও জি.সি.ই. পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৮.০ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস ও ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদের বিভিন্ন বিভাগে এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটে মেধা অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তিচ্ছু বিষয়ে অথবা ঐ বিষয়ের সঙ্গে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে। ভর্তি প্রার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয় কার্জন হল এলাকায় অবস্থিত অগ্রণী ব্যাংক লি: শাখা থেকে আবেদনপত্র সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে নির্ধারিত তারিখের মধ্যে কার্জন হল এলাকায় অবস্থিত জীব বিজ্ঞান অনুষদের ডিন অফিসে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।

খ-ইউনিট : কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদ এর সকল বিভাগ এবং বিজ্ঞান অনুষদের ভূগোল ও পরিবেশ বিভাগ, জীববিজ্ঞান অনুষদের মনোবিজ্ঞান বিভাগ এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের সমাজকল্যাণ বিষয়।

মানবিক শাখার ছাত্র/ছাত্রী এবং জিসিই বা সমতুল্য পরীক্ষায় যাদের কমপক্ষে ২টি মানবিক শাখার বিষয় আছে তারা আবেদন করতে পারবে।

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউট-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রী ঘ-ইউনিটের (**Transfer Unit**) মাধ্যমে এই ইউনিটের বিভাগগুলোতে ভর্তি হতে পারবে না।

মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৭.০ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি এবং বিভাগীয় শর্তাদি ভর্তি **নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।** প্রার্থীদের ছাত্র-শিক্ষক কেন্দ্রে অবস্থিত জনতা ব্যাংক লি: ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা থেকে আবেদনপত্র সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে নির্ধারিত তারিখের মধ্যে কলা অনুষদের ডিন (কলা ভবন) অফিসে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।

গ-ইউনিট : বিজনেস স্টাডিজ অনুষদ

ব্যবসায় শিক্ষা এবং জিসিই বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রী আবেদন করতে পারবে।

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগে ভর্তির জন্য আবেদন করা যাবে তা ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৭.৫ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক পর্যায়ে ডিপ্লোমা-ইন-কমার্স এবং বিজনেস ম্যানেজমেন্ট গ্রুপ থেকে আগত প্রার্থীদের একাউন্টিং বিষয়টি অবশ্যই থাকতে হবে এবং উক্ত বিষয়ে অন্তত গ্রেড পয়েন্ট ৩.০ হতে হবে। ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে। প্রার্থীদের ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে অবস্থিত সোনালী ব্যাংক লিঃ থেকে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে নির্ধারিত তারিখের মধ্যে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন (বিজনেস স্টাডিজ ভবন) অফিসে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।

গ-ইউনিটভুক্ত প্রার্থীরা শুধুমাত্র বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের আসনগুলোতে ভর্তি হতে পারবে। তাদের ক, খ ও ঘ ইউনিটভুক্ত বিভাগগুলোতে ভর্তির কোন সুযোগ থাকবে না। কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভাগগুলোতে ভর্তিচ্ছু প্রার্থীদের ঘ-ইউনিটের মাধ্যমে ভর্তি পরীক্ষা দিতে হবে।

ঘ-ইউনিট : বদলি ইউনিট (Transfer Unit)

মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা/জি.সি.ই বা সমতুল্য শাখার ছাত্র/ছাত্রী আবেদন করতে পারবে।

এই ইউনিটের আওতায় যে সকল বিভাগ/ইনস্টিটিউট-এ ভর্তির জন্য আবেদন করা যাবে তা ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

মানবিক শাখার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের মানবিক শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৭.০ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখা থেকে আগত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৮.০ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

ব্যবসায় শিক্ষা, ডিপ্লোমা-ইন-কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট শাখা থেকে আগত প্রার্থীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৭.৫ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে।

উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজি উভয় বিষয়ে সম্মিলিতভাবে গ্রেড পয়েন্ট ৬.০ থাকতে হবে, তবে কোন বিষয়েই গ্রেড পয়েন্ট ৩.০ এর নীচে গ্রহণযোগ্য হবে না। এই ইউনিটের আওতায় যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা ঐ বিষয়ের সঙ্গে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি এবং বিভাগীয় শর্তাদি ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে। প্রার্থীদের ছাত্র-শিক্ষক কেন্দ্রে অবস্থিত জনতা ব্যাংক লিঃ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা থেকে আবেদনপত্র সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে নির্ধারিত তারিখের মধ্যে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন (কলা ভবন) অফিসে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।

চ-ইউনিট : চারুকলা অনুষদ

এই ইউনিটের আওতায় নিম্নোক্ত বিভাগগুলোতে ভর্তির জন্য আবেদন করা যাবে :

১. ড্রইং ও পেইন্টিং ২. গ্রাফিক্স ডিজাইন ৩. প্রিন্টমেকিং ৪. প্রাচ্যকলা ৫. ভাস্কর্য ৬. কারুশিল্প ৭. মৃৎশিল্প ও ৮.. শিল্পকলার ইতিহাস

উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার যে কোন শাখায় উত্তীর্ণ প্রার্থীদের (৪র্থ বিষয় বাদে) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল অন্তত ৬.৫ আছে তারা ভর্তির জন্য আবেদন করতে পারবে। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় সর্বনিম্ন গ্রেড/গ্রেড পয়েন্ট প্রাপ্তির শর্তাদি এবং বিভাগীয় শর্তাদি ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে। প্রার্থীদের অগ্রণী ব্যাংক লিঃ, জাতীয় জাদুঘর শাখা, শাহবাগ থেকে আবেদনপত্র সংগ্রহ করে তা যথাযথভাবে পূরণ করে নির্ধারিত তারিখের মধ্যে চারুকলা অনুষদের ডিন (চারুকলা অনুষদ) অফিসে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।

সাধারণ নিয়মাবলী (সকল ইউনিটের ক্ষেত্রে প্রযোজ্য)

১। জিসিই : ও-লেভেল পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে এবং ২০০৮ অথবা ২০০৯ সনের এ-লেভেল পরীক্ষায় অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীগণও ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাদেরকে ও-লেভেল এবং এ-লেভেলের মোট ৭টি বিষয়ের মধ্যে ৪টি বিষয়ে কমপক্ষে বি-গ্রেড ও ৩টি বিষয়ে কমপক্ষে সি-গ্রেড থাকতে হবে।

২। সমমানের বিদেশী সার্টিফিকেট/ডিপ্লোমাধারী প্রার্থীরা সংশ্লিষ্ট ইউনিট প্রধানের অনুমতি সাপেক্ষে আবেদন করতে পারবে। তবে সংশ্লিষ্ট অনুষদ কর্তৃক সমতা নিরূপিত হলেই কেবল তারা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। এ ছাড়াও সকল প্রার্থীকে সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত পূরণ করতে হবে।

ভর্তি পরীক্ষার ফিস :

প্রতি ইউনিটে ভর্তি পরীক্ষার জন্য সংশ্লিষ্ট ব্যাংকের উল্লেখিত শাখায় নগদ ৩০০.০০(তিনশত) টাকা নির্ধারিত ব্যাংকে জমা দিয়ে প্রাথমিক আবেদনপত্র, ভর্তি নির্দেশিকা এবং প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করতে হবে।

কোটায় ভর্তি

ওয়ার্ড, আদিবাসী, দৃষ্টি প্রতিবন্ধি ও মুক্তিযোদ্ধার সন্তান কোটায় ভর্তি প্রার্থীদের আবেদনপত্র ও **SIF**-এর যথাস্থানে স্ব-স্ব কোটার কথা উল্লেখ করতে হবে এবং যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক সে কোটার যোগ্যতার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি (ওয়ার্ড কোটার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিস প্রধানের প্রত্যয়নপত্র, মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র অথবা ১৯৯৭ সন থেকে ২০০১ সন পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের অধীনে তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মুক্তিযোদ্ধার সনদপত্র, আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসী প্রধান/জেলা প্রশাসক এর সনদপত্র) অবশ্যই জমা দিতে হবে।

যাদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ নেই কিন্তু সনদের জন্য আবেদন করেছে তাদের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তবে ভর্তির জন্য চূড়ান্ত নির্বাচনের পূর্বে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র জমা দিতে হবে।

কোটার আওতায় ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে সংশ্লিষ্ট ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশের ৭ দিনের মধ্যে ঐ ইউনিটের ডিন অফিস থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র প্রদর্শন পূর্বক নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে উক্ত সময়সীমার মধ্যে অফিস চলাকালীন সময়ে সংশ্লিষ্ট ইউনিট প্রধানের অফিসে জমা দিতে হবে।

ভর্তি পরীক্ষার সময়সূচি :

ইউনিট	তারিখ	বার
ক-ইউনিট	১৩/১১/২০০৯	শুক্রবার
খ-ইউনিট	০৬/১১/২০০৯	শুক্রবার
গ-ইউনিট	২০/১১/২০০৯	শুক্রবার
ঘ-ইউনিট	০৪/১২/২০০৯	শুক্রবার
চ-ইউনিট	১১/১২/২০০৯	শুক্রবার

ভর্তি পরীক্ষা এম.সি.কিউ (M.C.Q) পদ্ধতিতে গ্রহণ করা হবে এবং প্রতি ভুল উত্তরের জন্য নম্বর কাটা হবে। এ সম্পর্কে প্রতিটি ইউনিটের ভর্তি নির্দেশিকায় বিস্তারিত উল্লেখ থাকবে।

প্রাথমিক আবেদনপত্রের সাথে প্রার্থীর চার কপি পাসপোর্ট আকারের ফটো এবং সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার গ্রেডসিটের সত্যায়িত কপি জমা দিতে হবে। স্কুল অথবা কলেজ কর্তৃক ইস্যুকৃত গ্রেডসিট গ্রহণযোগ্য হবে না।

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তি ফরমের সাথে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র ছাড়াও উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের দুটি ফটোকপি সংশ্লিষ্ট বিভাগীয় শিক্ষক কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।

সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রে/সার্টিফিকেটে উল্লেখিত নামের বানান একই রকম না হলে অথবা অন্য কোন অসংগতি থাকলে কোন প্রার্থীকে ভর্তির অনুমতি দেয়া হবে না।

বিভিন্ন বিভাগে ভর্তির ক্ষেত্রে অন্যান্য শর্ত সংশ্লিষ্ট ইউনিট অফিস থেকে জানা যাবে। ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে সংশ্লিষ্ট ইউনিট কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

বি. দ্র. ভর্তি সংক্রান্ত নিয়ম নীতির যে কোন ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

The English version of the announcement can be seen at the Dhaka University website www.univdhaka.edu.

রেজিস্ট্রার
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা-১০০০।